**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 02-05-2025** **Desk in Charge : SDG**
**Time : 7.35 AM** **Compiling : S. BASU**
**DEO : KB** **NR : S. BASU**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, 'ওয়ার্ল্ড অডিও ভিসুয়াল অ্যান্ড এন্টারটেনমেন্ট সামিট' WAVES, কোনো শব্দবন্ধ নয়, এটি এমন এক তরঙ্গ, যা সংস্কৃতি, সৃজনশীলতা এবং বিশ্বজনীন সংযোগ স্থাপনে অগ্রণী ভূমিকা নিচ্ছে।

২/ চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হচ্ছে আজ ।

৩/ বড়বাজারের হোটেলে অগ্নিকান্ডের পর সম্ভাব্য দুর্ঘটনা এড়াতে কমিটি গঠন করছে রাজ্য সরকার। # অগ্নি নির্বাপণ বিধি মেনে না চলার কারণে পার্কস্ট্রিটে ৬'টি রেস্তোরাঁ 'সিল' করে দিয়েছে প্রশাসন।

৪/ রাজ্য সরকার ভাতা ও তোষণের রাজনীতিতে ব্যস্ত থাকায়, কলকাতা কার্যত জতুগৃহে পরিণত হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৫/ কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে দেশের মধ্যে প্রথম 'প্রাইম মিনিস্টার ইন্টার্নশিপ স্কিম ফেসিলিটেশন সেন্টার' কলকাতায় চালু হয়েছে ।

৬) রাজ্যের কয়েকটি জেলায় আজ'ও ঝড় বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দপ্তরের।

# গত সন্ধ্যার ঝড়ে গাছ পড়ে দুজনের মৃত্যু হয়েছে। ঝড় বৃষ্টির খবর মিলেছে বিভিন্ন জেলা থেকেও।

****************************************************************

WAVES শীর্ষ সম্মেলনের অংশ হিসেবে মুম্বাইয়ের জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে আজ প্রথমবারের মতো গ্লোবাল মিডিয়া ডায়ালগ এর আয়োজন হতে চলেছে। আন্তর্জাতিক গণমাধ্যম এবং বিনোদন পরিমন্ডলের প্রেক্ষাপটে এই আলোচনাচক্র একটি গুরুত্বপূর্ণ মাইলফলক বলে মনে করা হচ্ছে। চার দিনের এই সম্মেলনের গতকাল উদ্বোধন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি বলেন, 'ওয়ার্ল্ড অডিও ভিসুয়াল অ্যান্ড এন্টারটেনমেন্ট সামিট' WAVES, নিছক কোনো শব্দবন্ধ নয়, এটি এমন এক তরঙ্গ, যা সংস্কৃতি, সৃজনশীলতা এবং বিশ্বজনীন সংযোগ স্থাপনে অগ্রণী ভূমিকা নিচ্ছে।

( বাইট- মোদী )

অনুষ্ঠানে শ্রী মোদী বলেন, ভারত গোটা বিশ্বের মন জয় করেছে। আজকের ভারত হয়ে উঠেছে, চলচ্চিত্র নির্মাণ, ডিজিট্যাল কনটেন্ট, গেমিং, ফ্যাশান, সঙ্গীত এবং লাইভ কনসার্টের গ্লোবাল হাব। অ্যানিমেশন ও গ্রাফিক্স শিল্পে ভারতের বিপুল সম্ভাবনার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, এদেশের গল্প বলার ঐতিহ্য দেশকালের সীমানা পেরিয়ে মানুষের আবেগ এবং সম্পর্ককে এক নতুন মাত্রায় পৌঁছে দিয়েছে। বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতির দেশ হয়ে ওঠার পথেও ভারত দ্রুতগতিতে এগোচ্ছে বলে উল্লেখ করেন তিনি।

আগেই জানানো হয়েছে, চারদিন ব্যাপী এই শীর্ষ সম্মেলনের মূল ভাবনা হল- "Connecting Creators, Connecting কান্ট্রি। বিশ্বের বিভিন্নপ্রান্ত থেকে স্টার্টআপ, শিল্প ক্ষেত্রে অগ্রনী ব্যক্তিত্ব এবং নীতি নির্ধারকরা এতে যোগ দিচ্ছেন। ওয়েভসে বিভিন্ন OTT প্লাটফর্ম, চলচ্চিত্র, গেমিং, কমিক্স, ডিজিটাল মিডিয়া, AI, AVGC-XR, সম্প্রচার, দক্ষতা সবকিছুই প্রদর্শিত হচ্ছে।

********************

রাজ্যে চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল আজ প্রকাশিত হবে। সকাল ন'টায় সাংবাদিক সম্মেলন করে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন পর্ষদ সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়। সকাল ৯ টা ৪৫ থেকে wbbsedata.com , indiaresults.com, results.siksha, fastresult.in, edutips.in ইত্যাদি ওয়েবসাইট এবং wbbse অ্যাপে ফল জানা যাবে। পর্ষদের বিভিন্ন ক্যাম্প অফিস থেকে স্কুলগুলি, মার্কশিট ও শংসাপত্র সংগ্রহ করতে পারবে সকাল ১০ টা থেকে।

********************

এদিকে, মেছুয়া বাজারে রিতুরাজ হোটেলের আগুন লাগার ঘটনায় পুলিশ ধৃত হোটেল মালিক আকাশ চাওলা ও ম্যানেজার গৌরব কাপুরকে আটই মে পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়। **গতকাল তাদের** ব্যাঙ্ক শাল আদালতে, তোলা হয়।

*********************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল দীঘা থেকে কলকাতায় ফিরে, বড়বাজারের মেছুয়াপট্টিতে যান। এধরণের দুর্ঘটনা এড়াতে রাজ্য সরকার সম্ভাব্য সবরকম পদক্ষেপ নিচ্ছে বলে জানিয়েছেন তিনি। এই লক্ষ্যে দমকল সহ বিভিন্ন দপ্তরকে নিয়ে একটি কমিটি গঠন করা হবে। শহরের বাকি এলাকায় জরাজীর্ণ ভবনগুলির অবস্থা খতিয়ে দেখতে পুরসভাকে অভ্যন্তরীণ তদন্তের নির্দেশ দিয়েছেন তিনি।

( বাইট- মমতা )

এরপর তিনি পার্ক স্ট্রিটের একটি ভবনের সুরক্ষা ব্যবস্থা পর্যালোচনা করেন। কয়েকটি রেস্তোরাঁর পরিস্থিতি দেখে মুখ্যমন্ত্রী ক্ষোভ প্রকাশ করেন ।

মেয়র, পুলিশ কমিশনার এবং দমকল মন্ত্রীকে দ্রুত আলোচনায় বসে সমাস্যা সমাধানের নির্দেশ দিয়েছেন তিনি।

********************

এদিকে, মুখ্যমন্ত্রীর অভিযানের পরেই, পার্ক স্ট্রিটের ম্যাগমা হাউসের ৬’টি রেস্তোরাঁ বন্ধ করে দিয়েছে প্রশাসন। অগ্নি সুরক্ষা বিধি না মানার কারণেই সেগুলিকে ‘সিল’ করে দেওয়া হয়েছে বলে জানা গেছে।

লেকটাউনের দক্ষিণদাড়ির একটি ফিল্ম স্টুডিওতে গতকাল আগুন লেগে যায়। দমকলের দু’টি ইঞ্জিন ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। শর্ট সার্কিট থেকেই বহুতলের দোতলায় থাকা ওই স্টুডিওটিতে আগুন লাগে বলে মনে করা হচ্ছে। হতাহতের কোনো খবর নেই।

*********************

রাজ্য সরকার বড়বাজারে অগ্নিকাণ্ডে হতাহতের সংখ্যা গোপন করার চেষ্টা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল মেছুয়া পট্টীতে ঘটনাস্থল পরিদর্শন করে বলেন, কলকাতার মেয়র ও রাজ্যের মন্ত্রী ঘটনাস্থলে এলেও মৃতের সঠিক সংখ্যা  জানায়নি।  সরকার তোষণের রাজনীতিতে ব্যস্ত থাকায় কলকাতার বাণিজ্যিক কেন্দ্র, ঘনবসতি ও জনবহুল এলাকাকে কার্যত জতুগৃহে পরিণত করেছে এই অভিযোগ করে শুভেন্দু  আরও বলেন, প্রশাসনিক গাফিলতির কারণেই এত বড় দুর্ঘটনা।

মুখ্যমন্ত্রীর ভূমিকা নিয়ে সমালোচনা করেছেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার।

( বাইট- সুকান্ত )

*********************

যুবসমাজকে কর্মসংস্থানের আরো বেশি সুযোগ দিতে দেশের মধ্যে কলকাতায় প্রথম প্রাইম মিনিস্টার ইন্টার্নশিপ স্কিম ফেসিলিটেশন সেন্টার চালু হয়েছে। কর্পোরেট বিষয়ক মন্ত্রকের উদ্যোগে নিউটাউনে এই কেন্দ্রটির সূচনা হয়। ভিডিও কনফারেন্সের মাধ্যমে অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী নির্মলা সীতারামন

এটির উদ্বোধন করেন। তিনি বলেন, দেশের মধ্যে প্রথম কলকাতায় এধরনের কেন্দ্র গড়ে উঠেছে। এর ফলে দেশের যুবক যুবতীদের বিভিন্ন সংস্থায় ইন্টার্নশিপের সুযোগ দেওয়া সম্ভব হবে। এই প্রকল্প সফল হলে, দেশের প্রতিটি রাজ্যে এই ধরনের কেন্দ্র গড়ে তোলা হবে বলে শ্রীমতি সীতারামন জানিয়েছেন।

*********************

কোচবিহারের শীতলকুচিতে গতকাল কৃষক উকিল বর্মনের বাড়িতে যান উত্তরবঙ্গ পুলিশের আইজি রাজেশ কুমার যাদব। সঙ্গে ছিলেন DIG জলপাইগুড়ি সন্তোষ বালকার এবং কোচবিহারের পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য। ওই কৃষকের পরিবারের সঙ্গে কথা বলে, তাঁকে ফেরানোর জন্যে তাঁদের সব রকমের সহযোগিতার আশ্বাস দিয়েছেন তাঁরা ।

উল্লেখ্য, গত ১৬ এপ্রিল সীমান্তে কৃষি কাজ করার সময় বাংলাদেশের দুষ্কৃতীরা উকিল বর্মনকে অপহরণ করে নিয়ে যায়। পরে তাঁকে বর্ডার গার্ড বাংলাদেশের হাতে তুলে দেওয়া হয়। বর্তমানে উকিল বর্মন বাংলাদেশের জেলে বন্দী।

BGB-র হাতে আটক কৃষক

*********************

মুর্শিদাবাদের উপদ্রুত সামশেরগঞ্জের পরিস্থিতি স্বাভাবিক হলেও, ত্রস্ত স্বাভাবিক জনজীবন। এর সরাসরি প্রভাব পড়েছে জেলার বিড়ি শিল্পে। অশান্তিতে কারখানা বন্ধ ও উৎপাদন কমে আসায় সংকটে পড়েছেন বিড়ি শিল্পের সঙ্গে জড়িয়ে থাকা লক্ষাধিক শ্রমিক। সমস্যায় কারখানা মালিকেরাও।

একটি প্রতিবেদন- ( ভিসি- মামুন )

*********************

অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় বিক্ষিপ্ত ভাবে ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। বৃষ্টির পূর্বাভাস রয়েছে ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর এবং বাঁকুড়ায়। অন্যদিকে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে হিমালয় সন্নিহিত জেলা দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, কোচবিহার এবং আলিপুরদুয়ারে।

এদিকে গতসন্ধ্যার ঝড় বৃষ্টিতে কলকাতায় গাছ পড়ে এক মহিলার মৃত্যু হয়েছে, আহত একজন। মীনা ঘোষ নামে বেহালার ইউনিক পার্কের বাসিন্দা ঐ মহিলা রাস্তা দিয়ে যাবার সময় গাছের ডাল ভেঙ্গে পড়ে। গুরুতর আহত অবস্থায় তাঁকে এবং আরো এক পথচারীকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে, চিকিৎসকরা মীনা দেবীকে মৃত বলে ঘোষণা করেন। বারাসতের ইন্দিরা কলোনিতেও গাছ পড়ে মৃত্যু হয়েছে গোবিন্দ বৈরাগী নামে এক যুবকের।

জানা গেছে, ঝড়বৃষ্টির সময় ঘরে শুয়ে ছিলেন তিনি। তখনই ঘরের উপর একটি গাছ ভেঙে পড়ে। ঝড়বৃষ্টির ফলে কলকাতায় বেশ কয়েক জায়গায় গাছ পড়েছে, শিয়ালদহতে মিত্র ইনস্টিটিউশনের সামনে একটি বড়গাছ রাস্তায় দাঁড়িয়ে থাকা গাড়ীর উপর পড়লে সেটি ক্ষতিগ্রস্ত হয়। শিয়ালদার বনগা- হৃদয়পুর ষ্টেশনে লাইনের উপর ঝড়ে গাছ পড়ে যাওয়ায় ট্রেন চলাচলে কিছুটা বিলম্ব হয়।

এদিকে কলকাতা ও আশপাশের এলাকায় সন্ধ্যেবেলা ঝড়ের ফলে বেঙ্গালুরু, গুয়াহাটি ও দিল্লিগামী বেশ কিছু উড়ান বাতিল করতে হয়। সময় সূচি পরিবর্তন করা হয় বেশ কিছু উড়ানের।

ঝড় বৃষ্টির খবর মিলেছে বাঁকুড়া, পুরুলিয়া, বর্ধমান থেকেও। এদিকে বৃষ্টিতে তাপমাত্রার পারদ কিছুটা কিছুটা কমে গেছে। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২১ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস যা

স্বাভাবিকের তুলনায় প্রায় ৫-ডিগ্রি কম। সর্ব্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

*************************************************************